“নিশ্চয়ই আল্লাহ্ তাআলা কোনো আমল কবুল করেন না, যতক্ষণ না তা একমাত্র তাঁর (আল্লাহ্র) জন্য হয় এবং এর দ্বারা তাঁরই সন্তুষ্টি কামনা করা হয়।”।

আবু উমামা বাহিলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললোঃ ঐ ব্যক্তি সম্বন্ধে আপনি কি
বলেন, যে ব্যক্তি সাওয়াব চায় এবং সুনামের জন্য জিহাদ করে, তার জন্য কি রয়েছে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তার জন্য কিছুই নেই”। তিনি তা তিনবার বললেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, “তার জন্য কিছুই নেই”। তারপর তিনি বললেনঃ “নিশ্চয়ই আল্লাহ্ তাআলা কোনো আমল কবুল করেন না,
যতক্ষণ না তা একমাত্র তাঁর (আল্লাহ্র) জন্য হয় এবং এর দ্বারা তাঁরই সন্তুষ্টি কামনা
করা হয়।”।
[সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন।]

একজন লোক এমন এক ব্যক্তি যে যুদ্ধ ও জিহাদের জন্য বের হয় এবং আল্লাহর কাছে সাওয়াব চায় আর মানুষের কাছ থেকে প্রশংসা ও সুখ্যাতি প্রত্যাশা করে; তার সম্পর্কে জিজ্ঞাসা করতে ও তার হুকুম জানতে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের কাছে আসলেন। তিনি কি সাওয়াব পাবেন? আল্লাহর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম উত্তরে বললেন: তার কোন সাওয়াব নেই; কারণ সে তার নিয়তে আল্লাহ ছাড়া অন্য কে শরীক করেছে। লোকটি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের কাছে তার প্রশ্নটি তিনবার পুনরাবৃত্তি করলেন এবং তিনি তাকে উত্তর দিলেন এবং একই উত্তর নিশ্চিত করলেন যে, তার কোন সাওয়াব নেই; তারপর নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম তাকে আল্লাহ্র কাছে গ্রহণীয় আমলের নীতি বললেন: আল্লাহ্ আমল কবুল করেন না যতক্ষণ না তার পুরোটা অংশী বিহীন আল্লাহ্র জন্য খালিস হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65107